গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০০০.০২৭.১৫.০০০১.২৬.১৮৯

তারিখ: ৪ শ্রাবণ ১৪৩৩
১৯ জুলাই ২০২৬

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

### ১। আবহাওয়ার সতর্কবার্তা:

উত্তর পশ্চিম বঙ্গোপসাগর এলাকায় বায়ুচাপের তারতম্যের আধিক্য বিরাজ করছে। এর প্রভাবে সমুদ্র বন্দরসমূহ, উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকার উপর দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।
চট্টগ্রাম, কক্সবাজার,মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০৩ (তিন) নম্বর (পুন:) ০৩ (তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়েযেতে বলা হয়েছে।
উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

### ২। আজ ১৮.০৭.২০২৬খ্রিঃ সকাল ০৯:০০ টা থেকে সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্রগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চল সমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রবৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দর
সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

### ৩। ভারী বৃষ্টিপাতের সতর্কবার্তা:

সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে আজ (১৮-০৭-২০২৬ খ্রিঃ) সকাল ৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টায় রংপুর বিভাগের কোথাও কোথাও ভারী (৪৪-৮৮ মি.মি. /২৪ ঘন্টা) থেকে অতি ভারী (>৮৮ মি.মি. /২৪ ঘন্টা) বর্ষণ হতে পারে।

### ৪। আজ ১৮.০৭.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ১২০ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

**সিনপটিক অবস্থা:** উত্তর উড়িষ্যা ও তৎসংলগ্ন ঝাড়খন্ড এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এলাকায় অবস্থানরত সুস্পষ্ট লঘুচাপটি দুর্বল হয়ে লঘুচাপ আকারে বর্তমানে বিহার ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। এটি দুর্বল হয়ে মৌসুমি বায়ুর অক্ষের সাথে মিলিত হতে পারে। মৌসুমি বায়ুর বর্ধিতাংশের অক্ষ পাঞ্জাব, হরিয়ানা, উত্তর প্রদেশ, বিহার, লঘুচাপের কেন্দ্রস্থল, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তরপশ্চিম বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমি বায়ু বাংলাদেশের উত্তরাঞ্চলের উপর সক্রিয় এবং দেশের অন্যত্র এটি মোটামুটি ভাবে সক্রিয় ও উত্তর বঙ্গোপসাগরে প্রবল অবস্থায় রয়েছে।

**পূর্বাভাসঃ**

**প্রথম দিন (১৮.০৭.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে)**

**বৃষ্টিপাত:** রংপুর, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রাজশাহী, ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের ভারী বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে রংপুর বিভাগের কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিনের এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**দ্বিতীয় দিন (১৯.০৭.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** রংপুর, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রাজশাহী, ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে সারাদেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**তৃতীয় দিন (২০.০৭.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে সারাদেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে।

**চতুর্থ দিন (২১.০৭.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ীভাবে দমকা

হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে সারাদেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**পঞ্চম দিন (২২.০৭.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে সারাদেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা:** বৃষ্টিপাতের প্রবণতা অব্যাহত থাকতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | রাজশাহী | রংপুর | ময়মনসিংহ | সিলেট | চট্টগ্রাম | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩২.৮ নরসিংদী | ৩৪.৮ রাজশাহী | **৩৫.৬ ডিমলা** | ৩১.৬ ময়মনসিংহ | ৩০.৬ শ্রীমঙ্গল | ৩৩.৫ চাঁদপুর | ৩২.৪ চুয়াডাঙ্গা | ৩১.৮ ভোলা |
| নিম্ন তাপমাত্রা | ২৫.২ নারায়ণগঞ্জ | ২৭.৪ বাঘাবাড়ী | ২৬.০ তেঁতুলিয়া ও রাজারহাট | ২৭.৪ ময়মনসিংহ ও নেত্রকোনা | **২৩.২ সিলেট** | ২৪.৭ বান্দরবান | ২৫.৫ কুমারখালী | ২৬.৪ পটুয়াখালী ও খেপুপাড়া |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল **ডিমলা ৩৫.৬$^{o}$** এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা **সিলেট ২৩.২$^{o}$** ।
(তথ্য সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)।

**বজ্রবৃষ্টি ও বজ্রপাতের সময় করণীয়:**

- বজ্রপাত হলে ঘরের মধ্যে থাকুন;
- জানালা ও দরজা বন্ধ রাখুন;
- সম্ভব হলে যাত্রা এড়িয়ে চলুন;
- নিরাপদ আশ্রয়ে আশ্রয় নিন;
- গাছের নিচে আশ্রয় নেবেন না;
- কংক্রিটের মেঝেতে শয়ন করবেন না এবং কংক্রিটের দেয়ালে হেলান দেবেন না;
- বৈদ্যুতিক ও ইলেক্ট্রনিক ডিভাইসগুলির প্লাগ খুলে দিন;
- জলাশয় থেকে তাৎক্ষণিকভাবে উঠে আসুন;
- বিদ্যুৎ পরিবাহক বস্তু থেকে দূরে থাকুন;
- শিলা বৃষ্টির সময় ঘরে অবস্থান করুন।

**৫। বৃষ্টিপাত ও নদ-নদীর পরিস্থিতি এবং পূর্বাভাস:**
**(৩ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ /১৮ জুলাই, ২০২৬ খ্রি.)**

***বিপদসীমার উপরে নদ-নদীর তথ্য:***
- পর্যবেক্ষণাধীন স্টেশনসমূহের মধ্যে কুশিয়ারা নদী ফেঞ্চুগঞ্জ (সিলেট) ও মারকুলি (সুনামগঞ্জ) স্টেশনে বিপদসীমার উপর দিয়েপ্রবাহিত হচ্ছে।

***লঘুচাপ/নিম্নচাপের তথ্য:***
- গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পশ্চিমাংশ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত লঘুচাপটি উত্তর-পশ্চিম দিকে সরে গেছে এবং আগামী ২৪ ঘণ্টায় এটি ধীরে ধীরে দুর্বল হওয়ার সম্ভাবনা রয়েছে।

***বন্যা সতর্কতা:***
- গত ২৪ ঘণ্টায় উত্তরাঞ্চলীয় রংপুর বিভাগের তিস্তা, ধরলা ও দুধকুমার নদীসমূহের পানি সমতল স্থিতিশীল রয়েছে, যা আগামী ০৩ দিন বৃদ্ধি পেতে পারে। আগামী ২৪ থেকে ৪৮ ঘন্টায় নদীসমূহ কিছু স্থানে বিপদসীমার উপর প্রবাহিত হতে পারে এবং লালমনিরহাট, নীলফামারি, রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম জেলার নদীসংলগ্ন নিম্নাঞ্চলের কোথাও কোথাও স্বল্পমেয়াদী বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে।

- গত ২৪ ঘণ্টায় উত্তর-পূর্বাঞ্চলের সুরমা-কুশিয়ারা নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেয়েছে; যা আগামী ০৩ দিন বৃদ্ধি পেতে পারে। আগামী ৭২ ঘন্টায় নদীসমূহ কিছু স্থানে বিপদসীমার উপর প্রবাহিত হতে পারে এবং সিলেট ও সুনামগঞ্জ জেলার নদীসংলগ্ন নিম্নাঞ্চলের কোথাও কোথাও স্বল্পমেয়াদী বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে অথবা বন্যা পরিস্থিতি স্থিতিশীল থাকতে পারে।

- গত ২৪ ঘণ্টায় ব্রহ্মপুত্র-যমুনা ও গঙ্গা-পদ্মা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেয়েছে, যা আগামী ০৫ দিন অব্যাহত থাকতে পারে। আগামী ৩য় হতে ৫ম দিনে (২০ হতে ২২ জুলাই, ২০২৬) ব্রহ্মপুত্র- যমুনা নদ-নদী কুড়িগ্রাম, গাইবান্ধা, জামালপুর, বগুড়া, সিরাজগঞ্জ ও টাঙ্গাইল জেলার কিছু স্থানে সতর্কসীমায় প্রবাহিত হতে পারে এবং নদীসংলগ্ন নিম্নাঞ্চল কোথাও কোথাও প্লাবিত হতে পারে।

- বরিশাল, খুলনা ও চট্টগ্রাম বিভাগের উপকূলীয় কীর্তনখোলা, লোয়ার-মেঘনা, পশুর, ইছামতি, কর্নফুলী, লিটল ফেনী, নোয়াখালী খাল ইত্যাদি নদীসমূহে স্বাভাবিকের চেয়ে বেশি জোয়ার বিরাজমান আছে। আগামী ০১ দিন নদীসমূহে স্বাভাবিকের চেয়ে বেশি জোয়ার বিরাজমান থাকতে পারে।

**(৩ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ / ১৮ জুলাই, ২০২৬ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী)**

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন: নদী-০১ টি; স্টেশনঃ-০২ টি; জেলাঃ- ০২টি।**

| মৌসুমী বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত নদীর নাম | মৌসুমী বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশনের নাম | মৌসুমী বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল জেলার নাম | মৌসুমী বিপদসীমা (মিটার) | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | মৌসুমী বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|---|
| কুশিয়ারা | মারকুলি | সুনামগঞ্জ | ৭.০৫ | ৭.১৩ | -০৮ | +৮ |
| কুশিয়ারা | ফেঞ্চুগঞ্জ | সিলেট | ৯.৪৫ | ৯.৮০ | +০১ | +৩৫ |

**গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বারিপাত তথ্য**

**বাংলাদেশের অভ্যন্তরে:**

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| ডালিয়া (নীলফামারী) | ১৯০.০ | ছাতক (সুনামগঞ্জ) | ৮৯.০ |
| ঠাকুরগাঁ | ৮২.০ | জাফলং (সিলেট) | ৭৯.০ |
| মহেশখোলা (সুনামগঞ্জ) | ৬৯.০ | পঞ্চগড় | ৬৭.০ |
| সিলেট | ৬৬.০ | কুড়িগ্রাম | ৬৪.০ |
| লরেরগড় (সুনামগঞ্জ) | ৫৮.০ | সুনামগঞ্জ | ৫২.০ |

**ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলে:**

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| মাউসিনরাম (মেঘালয়) | ৩৮৯.০ | আর কে এম সোহরা (মেঘালয়) | ২৮০.০ |
| চেরাপুঞ্জি (মেঘালয়) | ২৫২.০ | বিলোনিয়া (দক্ষিণ ত্রিপুরা) (CWC) | ১০০.০ |
| মাওফ্লাং (মেঘালয়) | ৯৮.০ | পাসিঘাট (অরুণাচল) | ৮৪.০ |

**নদ-নদীর অবস্থা**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১২৭ | গেজ স্টেশন বন্ধ আছে | ০০ |
| বৃদ্ধি | ৭৯ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০০ |
| হ্রাস | ৪১ | মোট তথ্য পাওয়া যায়নি | ০০ |
| অপরিবর্তিত | ০৭ | বিপদসীমার উপরে স্টেশন সংখ্যা | **০২** |
| (পর্যবেক্ষণকৃত স্টেশন সমূহের তথ্যের ভিত্তিতে) | | | |
| বিপদসীমার উপরে নদীর সংখ্যা | ০১ | | |
| নদীসমূহ সংলগ্ন জেলার সংখ্যা | ০২ টি | | |
| নদীসমূহ সংলগ্ন জেলা | সুনামগঞ্জ এবং সিলেট। | | |

৬। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৫ জুলাই ২০২৬ খ্রি: তারিখ রাত ১২.০০ টা থেকে ১৬ জুলাই ২০২৬ খ্রি: তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট **১০ টি** অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরূপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | ঢাকা | ৬ | ০ | ০ |
| ২. | ময়মনসিংহ | ১ | ০ | ০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | বরিশাল | ১ | ০ | ০ |
| ৪. | সিলেট | ১ | ০ | ০ |
| ৫. | রাজশাহী | ০ | ০ | ০ |
| ৬. | চট্টগ্রাম | ০ | ০ | ০ |
| ৭. | খুলনা | ০ | ০ | ০ |
| ৮. | রংপুর | ১ | ০ | ০ |
| | **মোট** | **১০** | **০** | ০ |

১৯-০৭-২০২৬
মোঃ জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন : ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স : ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল : controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০০০.০২৭.১৫.০০০১.২৬.১৮৯/১ (১৭)

তারিখ: ৪ শ্রাবণ ১৪৩৩ / ১৯ জুলাই ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।
৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়।
৬। সচিব, সচিবের দপ্তর , প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৭। সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৮। সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৯। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১০। বিভাগীয় কমিশনার (সকল)।
১১। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।।
১২। জেলা প্রশাসক (সকল)।
১৩। উপপরিচালক, প্রশাসন-১ অধিশাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৪। উপপরিচালক, প্রশাসন-২ অধিশাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৬। নির্বাহী প্রকৌশলী (পুর), বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১৭। প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।